# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১১১

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯৪ তম কমিশন সভা অদ্য ২৩/০৭/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

০১। সভায় কমিশন বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড IDLC Asset Management Shariah Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ০৫ (পাঁচ) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৪৫ (পঁয়তাল্লিশ) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ (দশ) টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লি:। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং ব্রাক ব্যাংক লিমিটেড।

০২। কমিশন বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড Edge AMC Growth Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ (দশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ০১ (এক) কোটি টাকা এবং বাকি ০৯ (নয়) কোটি টাকা সকল বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ (দশ) টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক এজ এএমসি লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এবং ব্রাক ব্যাংক লিমিটেড।

০৩। ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: কর্তৃক কমিশনে দাখিলকৃত জুন ২০১৯ সময়ের ট্রেকহোল্ডারদের নেট ক্যাপিটাল ব্যালেন্স পর্যালোচনা করে দেখা যায় যে, নিম্নলিখিত ট্রেক হোল্ডাররা জুন ২০১৯ সালের রিপোর্ট স্টক এক্সচেঞ্জে দাখিল না করে Securities and Exchange Rules, 1987 এর Rule 3(4) ভঙ্গ করেছে:

| Sl. No. | Name of Company | TREC No. |
|---|---|---|
| 1 | Sinha Securities Limited | 67 |
| 2 | Md. Fakrul Islam Securities Limited | 90 |
| 3 | A N F Management Company Limited | 117 |
| 4 | Commerce Bank Securities and Investment | 180 |
| 5 | PHP Stocks & Securities Limited | 235 |

উল্লেখিত সিকিউরিটিজ সংক্রান্ত বিধি ভঙ্গের জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 3(5) অনুযায়ী উক্ত ট্রেকহোল্ডারদের বিরুদ্ধে ডিএসই কি ব্যবস্থা গ্রহণ করেছে তা আগামী ৫(পাঁচ) দিনের মধ্যে কমিশনকে জানাতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৪। এক পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় যে, ডিএসই-এর ট্রেকহোল্ডার এম সিকিউরিটিজ লিমিটেডের (ডিএসই ট্রেক নং ৪৪) সেপ্টেম্বর ৩০, ২০১৮ তারিখ অনুযায়ী গ্রাহকদের সমন্বিত হিসাবে ঘাটতি ৭,৪৩,২৫,০৪৮.৬৪ টাকা। এর পরিপ্রেক্ষিতে জানুয়ারি ১৪, ২০১৯ তারিখে কমিশন Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A-তে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে উক্ত ট্রেকহোল্ডারকে মে ১৪, ২০১৯ তারিখের মধ্যে উক্ত ঘাটতি সমন্বয় করার নির্দেশ প্রদান করে। অত:পর দুইবার সময় বৃদ্ধির আবেদন কমিশন কর্তৃক নামঞ্জুর হওয়ার পর এম সিকিউরিটিজ লিমিটেড জুলাই ০২, ২০১৯ তারিখে এক পত্রের মাধ্যমে জানায় যে, তারা সব ঘাটতি ২৭/০৬/২০১৯ তারিখের মধ্যে সমন্বয় করেছে। কমিশনের অনুরোধে ডিএসই বিষয়টি পরীক্ষা করে কমিশনে যে প্রতিবেদন দাখিল করেছে তাতে দেখা যায় যে, প্রকৃতপক্ষে এম সিকিউরিটিজ লিমিটেড এর সমন্বিত গ্রাহক হিসাবে এখনও ঘাটতি রয়েছে ৯৭,৬৮,৭৯২.৩৮ টাকা। এর ফলে এম সিকিউরিটিজ লিমিটেড, Securities and

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

Exchange Rules, 1987 এর Rule 8A এর Sub-Rules (1) এবং (2) ভঙ্গ করেছে। এছাড়াও উক্ত ট্রেকহোল্ডার কমিশনকে অসত্য তথ্য প্রদান করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে। উল্লেখ্য যে, নভেম্বর, ২০১৭ সালে এম সিকিউরিটিজ লিমিটেড কর্তৃক গ্রাহকদের সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতি, পরিচালকদের গ্রাহকদের সমন্বিত হিসাবে থেকে ঋণ প্রদান ইত্যাদি কারণে ২০ লক্ষ টাকা এবং দুই পরিচালকের প্রত্যেককে ১০ লক্ষ টাকা এবং জানুয়ারি ২০১৮ সালে প্রায় একই কারণে আরও ১০ লক্ষ টাকা জরিমানা করা হয়। লক্ষ্য করা যায় যে, এম সিকিউরিটিজ ক্রমাগতভাবে সিকিউরিটিজ আইন ভঙ্গ করে আসছে এবং ইতিপূর্বে তাদের বিষয়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলেও তারা একই রকম কার্যকলাপে সম্পৃক্ত রয়েছে যা তার গ্রাহকদের সম্পত্তি রক্ষার জন্য ঝুঁকিপূর্ণ।

উল্লেখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে আজকের কমিশন সভায় বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১২ অনুযায়ী এম সিকিউরিটিজ লিমিটেড এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগকে নির্দেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত বিধি ১২ নিবন্ধন সনদ বাতিল, স্থগিত করণ ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

০৫। মার্চ ১৮, ২০১৭ তারিখে সিএসই এর এক বিশেষ পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় যে, ফার্স্টলিড সিকিউরিটিজ লিমিটেড (সিএসই ট্রেক নং ১২২) এর বিশ্বনাথ, সিলেট শাখায় সর্বমোট ঘাটতির পরিমাণ ৯,৯৫,৪৮,৮৪০ টাকা। বিভিন্ন সময়ে সিএসই এর বিভিন্ন প্রচেষ্টা সত্ত্বেও এখনও এই প্রতিষ্ঠানের মোট পাওনার ২৯.১৫% অর্থ অপরিশোধিত রয়েছে। এই পরিপ্রেক্ষিতে সিএসই বোর্ড এই পাওনা পরিশোধের জন্য ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করেছে।

আজকের সভায় এই মর্মে সিদ্ধান্ত হয় যে, ফার্স্টলিড সিকিউরিটিজের সিএসই থেকে প্রাপ্য লভ্যাংশ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (ট্রেক হোল্ডারস্ মার্জিন) রেগুলেশনস, ২০১৩ এর রেগুলেশন ৩ এর অধীনে প্রাপ্য Free Limit সুবিধা ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত স্থগিত থাকবে। এছাড়াও, ডিসেম্বর ৩১, ২০১৯ তারিখের মধ্যে গ্রাহকদের সব পাওনা পরিশোধ না করলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১২ মোতাবেক ফার্স্টলিড সিকিউরিটিজ এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, উক্ত বিধি ১২ নিবন্ধন সনদ বাতিল, স্থগিত করণ ইত্যাদি বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

০৬। সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেডের এক প্রতিবেদন থেকে দেখা যায় যে, ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের নিম্নলিখিত ডিপজিটরি অংগ্রহণকারীগণ (DP) তাদের নামের পাশে উল্লেখিত পাওনা অর্থ সিডিবিএল বরাবরে পরিশোধ করছে না:

List of DP's in default in payment of Annual Maintenance Fees for 2017-2018 and 2018-2019

| | | | | Total Outstanding for as on 11th July, 2019 |
|---|---|---|---|---|
| SL. | DP_ID | DP_NAME | EXCHANGE | TK. |
| 1 | 22500 | M Securities Limited | DSE | 4,665,150 |
| 2 | 49700 | Lotus Shares & Securities Limited | CSE | 2,900,100 |
| 3 | 21500 | Banco Securities Limited | DSE | 4,034,450 |
| 4 | 37500 | First Lead Securities Ltd | CSE | 3,046,400 |
| | | Total Dues | | 14,646,100 |

List of DP's in default in payment of Annual Maintenance Fees for 2016-2017, 2017-2018 and 2018-2019

| | | | | Total Outstanding for as on 11th July, 2019 |
|---|---|---|---|---|
| SL. | DP_ID | DP_NAME | EXCHANGE | TK. |
| 1 | 31400 | Sinha Securities Limited | DSE | 39,594,800 |
| 2 | 31500 | Saad Securities Limited | DSE | 6,391,950 |
| | | Total Dues | | 45,986,750 |

উল্লেখিত ডিপিগণকে ইতিপূর্বে কমিশন থেকে চিঠি দেয়া সত্ত্বেও উল্লেখিত পরিমাণ অর্থ অনাদায়ী রয়েছে। এই কার্যকলাপের ফলে জড়িত ডিপিগণ শুধু যে আইন লংঘন করেছে তাই নয়, এর ফলে বিএসইসি এবং সরকার তার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। এর প্রেক্ষিতে আজকের সভায় সংশ্লিষ্ট ডিপিগণের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগকে নির্দেশ প্রদান করা হয়।

০৬। একই জাতীয় পরিচয়পত্র, মোবাইল নাম্বার, ব্যাংক হিসাব নং বিভিন্ন বিও হিসাবে ব্যবহার বন্ধের জন্য কমিশন ইতিপূর্বে ২০ জুন, ২০১৯ তারিখে এক সার্কুলারের মাধ্যমে এই সমস্যা সমাধানের জন্য নির্দেশ প্রদান করে। এই সার্কুলারের সময় ২১ জুলাই, ২০১৯ তারিখে শেষ হয়েছে।

ডিএসই ব্রোকার্স এসোসিয়েশনের আবেদনের প্রেক্ষিতে কমিশন আজ এই সময়সীমা ২১ অক্টোবর, ২০১৯ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে। তবে কোন কোন সদস্য এখনও সংশ্লিষ্ট আদেশ পরিপালনে ব্যর্থ হয়েছে তা ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন কমিশনকে আগামী পনের দিনের মধ্যে অবহিত করবে।

২৩/০৭/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।